

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৫৭

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যুল কা'দাহ মাসে উমরাহ করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمُعْتَمِرِ أَنْ يَعْتَمِرَ فِي ذِي القعدة

আরবী

3757 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ سَهْلٍ الْجَعْفَرِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ قَالَ: حَدَّثَنَا ابن جريح وَابْنُ إِسْحَاقَ عَنِ ابْنِ طَاوُسٍ عَنْ أَبِيهِ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: وَاللَّهِ مَا أَعْمَرَ رسول الله صلى الله عليه وسلم في ذي الحِجَّةِ إِلَّا يَقْتَطِعَ بِذَلِكَ أَمْرَ أَهْلِ الشِّرْكِ فَإِنَّ هَذَا الْحَيَّ مِنْ قُرَيْشٍ وَمَنْ دان دينهم كانوا يقولون: إِن عَفَا الوَبَر وَبَرَأَ الدَّبَر وَدَخَلَ صَفَدُ فَقَدْ حَلَّتِ العُمرةُ لِمَنِ اعْتَمَرَ وَكَانُوا يُحرِّمون الْعُمْرَةَ حَتَّى ينسَلِخَ ذُو الحَجَّةِ فَمَا أَعْمرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَائِشَةَ إِلَّا لِيَنْقُضَ ذلك من قولِهِمْ.

الراوي: ابن عَبَّاسٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3757 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৭৫৭. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর কসম, রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম যুল হিজ্জাহ মাসে উমরাহ কেবল এজন্যই করেছেন যে, তিনি এর মাধ্যমে মুশরিকদের একটি ধারণা ছিন্ন করতে চেয়েছিলেন। কেননা কুরাইশদের এই গোত্র এবং তাদের দ্বীনের অনুসারী লোকজন বলতো, "যখন পশম পরিপূর্ণ হবে (অর্থাৎ হাজীদের মালপত্র বহন করার কারণে তাদের পিঠে ক্ষত হয়ে যে পশম উঠে গিয়েছিল, যখন সেই পশম পরিপূর্ণভাবে গজাবে), (পিঠের) পশ্চাৎভাগের ক্ষত সেরে উঠবে এবং সফর মাস উপস্থিত হবে, যে উমরাহ করতে চায়, তার জন্য তখন উমরাহ করা বৈধ হয়ে যাবে।" তারা যুল হিজ্জাহ মাস শেষ না হওয়া পর্যন্ত উমরাহ করা হারাম গণ্য করতো। কাজেই রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহাকে (যুল হিজ্জাহ মাসে) উমরাহ এজন্যই করিয়েছিলেন, যাতে তিনি তাদের সেই মতবাদ ভেঙ্গে দিতে



পারেন।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ১৯৮৭; সুনান বাইহাকী: ৪/৩৪৪-৩৪৫; তাবারানী: ১০৯০৭; মুসনাদ আহমাদ: ২/২৫২; সহীহুল বুখারী: ১৫৬৪; সহীহ মুসলিম: ১২৪০; নাসাঈ: ৫/১৮০-১৮১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন